গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.dpp.gov.bd/bfpo/

নং-০৫.০৪.০০০০.০৮৬.০১.০০৬.১৮-১১৫২

তারিখঃ ১৮/০৫/১৪২৭বঙ্গাব্দ
০১/০৯/২০২০খ্রিস্টাব্দ

## ক্যান্টিন ইজারা পুনঃ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস সংলগ্ন দৈর্ঘ্য ৬৪ ফুট ও প্রস্থ ২২ ফুট বিশিষ্ট ১(এক) টি ক্যান্টিন এক বছরের জন্য লীজ/ভাড়া প্রদানের লক্ষ্যে ক্যান্টিন পরিচালনায় অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সিলমোহরকৃত খামে পুনঃ দরপত্র আহবান করা যাচ্ছে। আগামী ১৭/০৯/২০২০খ্রি.তারিখ দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন যেকোন সময় সিলগালাকৃত খামে দরপ্রস্তাব গ্রহণ করা হবে এবং প্রাপ্ত দরপত্রসমূহ ১৭/০৯/২০২০খ্রি.তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। বিস্তারিত বিবরণ সম্বলিত দরপত্র সিডিউল আগামী ১৬/০৯/২০২০খ্রি. তারিখ পর্যন্ত প্রত্যহ অফিস চলাকালীন সময়ে নগদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমাদান পূর্বক এ অফিস হতে সংগ্রহ করা যাবে। এ অফিস ছাড়াও মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, উপপরিচালক, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, উপপরিচালক, বাংলাদেশ ষ্টেশনারী অফিস, উপপরিচালক, বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮ এর অফিস থেকেও দরপত্র ক্রয় করা যাবে। দরপত্র এ অফিসের ওয়েব সাইট www.dpp.gov.bd/bfpo-তে ও পাওয়া যাবে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০১/৯/2020

(মাকসুদা বেগম সিদ্দীকা)
(উপসচিব)
উপপরিচালক
ফোনঃ ৮৮৯১২০৫ ।

মূল্যঃ ৫০০/=(পাঁচশত) টাকা মাত্র (অফেরতযোগ্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.dpp.gov.bd/bfpo/

## ক্যান্টিন ভাড়ার জন্য দরপত্র সিডিউল

১। দরপত্র বিজ্ঞপ্তি নম্বর ঃ- ০৫.০৪.০০০০.০৮৬.০১.০০৬.১৮-১১৬২

২। দরপ্রস্তাব দাখিলের তারিখ ও সময় ঃ- ০১/০৯/২০২০ খ্রিঃ তারিখ হতে ১৭/০৯/২০২০খ্রি.তারিখ দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন যেকোন সময়।

৩। দরপ্রস্তাব খোলার তারিখ ও সময় ঃ- ১৭/০৯/২০২০ খ্রিঃ বিকাল ঃ- ৩.০০ ঘটিকা।

৪। দরপত্র বিক্রির সর্বশেষ তারিখ ঃ- ১৬/০৯/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত (প্রত্যহ অফিস চলাকালীন সময়ে)।

[বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিসের উত্তর পার্শ্বের ক্যান্টিন ইজারা সংক্রান্ত শর্তাবলী]

(১) ক্যান্টিনের মূল ভবন ও রান্নাঘরসহ দৈর্ঘ্য ৬৪ ও প্রস্থ ২২ ফুট। ইজারাকৃত দৈর্ঘ্য ৬৪ ও প্রস্থ ২২ ফুটের অতিরিক্ত জায়গায় কোন প্রকার স্থাপনা তৈরী করা এবং ব্যবহার করা যাবে না।

(২) দরপত্র দাখিলকারী ফার্মকে তাদের নিজস্ব প্যাডে "উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস" তেজগাঁও, ঢাকাকে সম্বোধন করে দরপ্রস্তাব দাখিল করতে হবে। ২০২০ সাল পর্যন্ত মেয়াদ সম্পন্ন খাবার হোটেল/ক্যান্টিন/রেস্টুরেন্ট পরিচালনা সংক্রান্ত ট্রেড লাইসেন্সের কপি, ভ্যাট নিবন্ধন এবং ব্যাংকের আর্থিক সংগতির সত্যায়িত সনদপত্র দরপ্রস্তাবের সাথে দাখিল করতে হবে। শুধুমাত্র খাবার হোটেল/ক্যান্টিন/রেস্টুরেন্ট পরিচালনা সংক্রান্ত ট্রেড লাইসেন্সধারীরাই দরপ্রস্তাব দাখিল করতে পারবেন।

(৩) খাবার হোটেল/ক্যান্টিন/রেস্টুরেন্ট পরিচালনার নূন্যতম ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

(৪) ০১/১০/২০২০খ্রিঃ তারিখে ক্যান্টিনের কার্যক্রম চালু করতে হবে।

(৫) কাটা-কাটি, ফ্লুইড ব্যবহার, ঘষামাজা ও ওভার রাইটিংযুক্ত দরপ্রস্তাব গ্রহণযোগ্য হবে না।

(৬) শর্তযুক্ত দরপ্রস্তাব এবং বিকল্প দরপ্রস্তাব গ্রহণযোগ্য হবে না। দরপ্রস্তাব দাখিলের পর কোন প্রকার শর্তারোপ গ্রাহ্য হবে না।

(৭) দরপ্রস্তাব দাখিলের তারিখে কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

(৮) দরপত্রের সহিত দরপত্র জামানত বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা যে কোন তফসিলি ব্যাংক হতে "উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা" এর অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। কর্তৃপক্ষ কর্তৃক ইজারার জন্য নির্বাচিত দরপত্র দাতা কর্তৃক দরপত্র তফসিলে বর্ণিত শর্তাবলী প্রতিপালন পূর্বক ইজারা চুক্তি সম্পাদনের পর উক্ত দরপত্র জামানত বাবদ প্রদত্ত অর্থ অবমুক্ত/সমন্বয় করা হবে। তবে শর্ত থাকে যে, **কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত দরদাতা যদি ক্যান্টিন ইজারা গ্রহণে কোন কারণে অপারগতা প্রকাশ করেন সেই ক্ষেত্রে তার প্রদত্ত দরপত্র জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।** কৃতকার্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের পর বার্ষিক ভাড়ার টাকা, ভাড়ার অতিরিক্ত সরকার নির্ধারিত ভ্যাট ও আয়কর এককালীন অগ্রিম পরিশোধ করতে হবে। এছাড়া সুদমুক্ত জামানত হিসাবে যেকোন তফসিলী ব্যাংক হতে "উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস" এর অনুকূলে ইস্যুকৃত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করে ৩০০/-(তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ অফিসের সঙ্গে একটি ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। নির্বাচিত দরদাতা নির্দিষ্ট সময়ের মধ্যে জামানত প্রদানে এবং চুক্তিনামা সম্পাদনে ব্যর্থ হলে দরপত্র জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং তার দর বাতিলপূর্বক ২য় সর্বোচ্চ দরদাতার (যদি প্রাক্কলিত দরের চেয়ে তার দর বেশি হয়) অনুকূলে অনুরূপ শর্তে ইজারা চুক্তি সম্পাদন করা হবে।

চলমান পাতা/২

(৯) ক্যান্টিনের মাসিক ভাড়ার পরিমাণ (ভ্যাট ও আয়কর ব্যতীত) অংকে ও কথায় সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে (কোন রকম ঘষামাজা ছাড়া)।

(১০) ইজারা গ্রহীতা অন্য কোন ব্যক্তির নিকট ক্যান্টিন ভাড়া দিতে পারবেন না। যদি ভাড়া দেয়া হয় তবে তার ইজারা বাতিল বলে গণ্য হবে। এতে ইজারা গ্রহীতার কোন প্রকার ওজর আপত্তি চলবে না।

(১১) ক্যান্টিনের ভাড়া ইজারা চুক্তির পূর্বে এককালীন পরিশোধ করতে হবে। ক্যান্টিনের মালিক কর্তৃপক্ষ ৩০(ত্রিশ) দিনের নোটিশে ইজারা চুক্তি বাতিল করতে পারবে।

(১২) কৃতকার্য দরপত্র দাতা ক্যান্টিনের প্রয়োজনীয় সংস্কার, গ্যাস সংযোগ, বৈদ্যুতিক মিটার সংযোগ এবং পানির ব্যবস্থা নিজ খরচে সম্পন্ন করবেন। ব্যয়কৃত টাকা ভাড়া হতে সমন্বয় কিংবা দাবি করা যাবে না। তবে যেকোন ধরনের সংস্কারের পূর্বে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

(১৩) কৃতকার্য দরদাতার সহিত ০১(এক) বৎসরের জন্য চুক্তি করা হবে এবং জামানত ও ০১(এক) বৎসর জমা থাকবে। মেয়াদ পূর্ণ হওয়ার শেষ দিন ইজারা গ্রহীতা সকল প্রকার বিল পরিশোধের প্রমানকসহ ক্যান্টিন খানা কর্তৃপক্ষের নিকট খালি পূর্বক বুঝিয়ে দিতে বাধ্য থাকবেন।

(১৪) ক্যান্টিনের বার্ষিক ভাড়া এককালীন অগ্রিম পরিশোধ করতে হবে। এছাড়া গ্যাস বিল, বিদ্যুৎ বিল, পানি ও পয়ঃকর এবং অন্য যে কোন সরকারী পাওনা ইজারা গ্রহীতাকে নিয়মিত পরিশোধ করতে হবে। এই সকল পাওনা টাকা সময়মতো পরিশোধ না করলে জামানতের টাকা হতে কর্তন করা হবে এবং লিজ বাতিল করা হবে।

(১৫) ক্যান্টিন সকাল ৬টা হতে রাত-১০টা পর্যন্ত খোলা রাখা যাবে। অফিস চলাকালীন সময়ে ক্যান্টিন বন্ধ রাখা যাবে না। তবে এক্ষেত্রে সরকারী কোন নির্দেশনা থাকলে তা বাস্তবায়ন করা হবে।

(১৬) লিজকৃত ক্যান্টিনে ইজারা গ্রহীতা ক্যান্টিন ব্যতীত অন্য কোন ব্যবসা পরিচালনা করতে পারবেন না।

(১৭) দরপ্রস্তাব এবং পরবর্তী সকল পত্রাদি দরপ্রস্তাবকারী ফার্মের মালিক/সভাপতি/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক তাদের পূর্ণ নাম ও পদবী উল্লেখ পূর্বক সীলমোহরসহ স্বাক্ষরিত হতে হবে।

(১৮) স্থান স্থাপনা নির্দিষ্ট মেয়াদের জন্য ভাড়া/ইজারা গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে ইজারা/ভাড়া মূল্যের উপর সরকার নির্ধারিত হারে ধার্য্যকৃত মূসক ইজারা গ্রহীতা কর্তৃক আবশ্যিকভাবে পরিশোধ করতে হবে।

(১৯) ইজারা গ্রহীতা সরকার কর্তৃক নির্ধারিত বিভিন্ন প্রকার ফি,কর ইত্যাদি প্রদানে বাধ্য থাকবেন।

(২০) ইজারাকালীন হোটেল ভবনের কোন ক্ষতি সাধন হলে ইজারা গ্রহীতা নিজ খরচে উহা মেরামত করে দিতে বাধ্য থাকবেন।

(২১) ইজারা গ্রহীতাকে নিজ দায়িত্বে ও খরচে ক্যান্টিন সার্বক্ষণিক পরিস্কার পরিচ্ছন্ন এবং খাদ্য গ্রহণ উপযোগী পরিবেশ বজায় রাখতে হবে।

(২২) নিম্নমানের বা বাসি পচাঁ খাবার বিক্রয়/পরিবেশন/সরবরাহ করা যাবে না।

(২৩) চুক্তিতে বর্ণিত শর্তাবলী আবশ্যিকভাবে পালনীয় হবে।

(২৪) কোন কারণ দর্শানো ছাড়াই যেকোন দরপ্রস্তাব গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(২৫) উপরোক্ত শর্তাবলী ছাড়াও এতদসংক্রান্ত বিষয়ে সরকারি বিধি-বিধান মূলক যে কোন শর্ত প্রযোজ্য হবে।

(২৬) দরপ্রস্তাবকারী কর্তৃক দাখিলকৃত দর ঃ-

| দরপ্রস্তাবকারী ব্যক্তি/প্রতিষ্ঠান/ ফার্মের নাম | দাপ্তরিক প্রাক্কলিত মাসিক ভাড়ার পরিমাণ | দরদাতা কর্তৃক উদ্বৃত মাসিক ভাড়ার পরিমাণ | মোট বার্ষিক ভাড়ার পরিমাণ | জামানতের পরিমাণ পে-অর্ডার নং ,তারিখ ও ব্যাংকের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) (ভ্যাট ও আয়কর ব্যতীত) | | | | |
| | | | | | |

০১/৯/2020

(মাকসুদা বেগম সিদ্দীকা)
(উপসচিব)
উপপরিচালক
ফোনঃ ৮৮৯১২০৫ ।